# পেট্রোল-বোমা হামলা গোপালগঞ্জে, গাড়িতে অগ্নিসংযোগ



সংগৃহীত ছবি

কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দল আওয়ামী লীগের ডাকা ‘লকডাউন’ কর্মসূচিকে কেন্দ্র করে গোপালগঞ্জে গণপূর্ত অফিসে একাধিক পেট্রোল বোমা নিক্ষেপ করেছে দুর্বৃত্তরা।

গতকাল বুধবার ভোরে এ হামলার ঘটনায় অফিস প্রাঙ্গণে থাকা একটি গাড়িতে আগুন ধরে যায়, ফলে মুহূর্তেই এলাকাজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

গণপূর্ত অফিসের নিরাপত্তা প্রহরী আব্দুর রহিম ঘটনার বিবরণ দিতে গিয়ে বলেন, “ভোর রাতে হঠাৎ দেখি কয়েকজন অজ্ঞাত ব্যক্তি অফিসের ভেতরে পেট্রোল বোমা ছুঁড়ে পালিয়ে যায়। বোমাগুলোর একটি গাড়িতে পড়ে আগুন ধরে যায়। পরে আমরা অফিসের অন্যান্য কর্মচারীদের সহায়তায় আগুন নেভানোর চেষ্টা করি।”

তিনি আরও জানান, আগুন দ্রুত নিয়ন্ত্রণে আনায় বড় ধরনের ক্ষতি এড়ানো গেলেও গাড়িটি আংশিকভাবে পুড়ে যায়।

ঘটনার খবর পেয়ে গোপালগঞ্জ সদর থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে।

সদর থানার উপপরিদর্শক (এসআই) ফয়জুর রহমান বলেন,“আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি এবং একটি অবিস্ফোরিত পেট্রোল বোমা উদ্ধার করেছি। এ বিষয়ে মামলা প্রক্রিয়াধীন রয়েছে এবং হামলাকারীদের শনাক্তে অভিযান চলছে।”

LENS ASIA